

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (১০) সালাতের বিবরণ - মানুষের জন্য আবশ্যক হলো সালাত আদায় করার জন্য অন্তরকে উন্মুক্ত করা এবং মনের ওয়াসওয়াসা দূর করা

10 _ بَابُ صِفَةِ الصَّلَاةِ (ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ فَرَاغِ الْقَلْبِ لِصلَلَتِهِ وَدَفْعِ وَسَاوس الشَّيْطَان إِيَّاهُ لها)

আরবী

1751 _ أخبرنا الفضل بن الحباب قال: حدثنا العقنبي عَنْ مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا نُودِيَ لِلصَّلَاةِ أَدْبَرَ الشَّيْطَانُ لَهُ ضُرَاطٌ حَتَّى لَا يَسْمَعَ النِّدَاءَ فَإِذَا قُضي النِّدَاءُ أَقْبَلَ حَتَّى إِذَا ثُوّب بِالصَّلَاةِ الشَّيْطَانُ لَهُ ضُرَاطٌ حَتَّى لَا يَسْمَعَ النِّدَاءَ فَإِذَا قُضي النِّدَاءُ أَقْبَلَ حَتَّى إِذَا قُوبَ بِالصَّلَاةِ الشَّيْطَانُ لَهُ ضُرَاطٌ حَتَّى التَّقْوِيبُ أَقْبَلَ حَتَّى يَخْطِرَ بَيْنَ الْمَرْءِ وَنَفْسِهِ يَقُولُ: اذْكُرْ كَذَا اذْكُرْ لَا يَدْرِي كَمْ صَلَّى) لِمَا لَمْ يُكُنْ يَذْكُرْ حَتَّى يُصَلِّيَ الرَّجُلُ لَا يَدْرِي كَمْ صَلَّى)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1751 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১৭৫১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন সালাতের জন্য আযান দেওয়া হয়, তখন শয়তান পশ্চাৎ বায়ু ত্যাগ করতে করতে পিছু হটে, যাতে সে আযান না শুনতে পায়। অতঃপর যখন আযান শেষ হয়ে যায়, তখন সে সামনে অগ্রসর হয়। অতঃপর যখন সালাতের ইকামত দেওয়া হয়, তখনও সে পশ্চাৎ বায়ু ত্যাগ করতে করতে পিছু হটে, অতঃপর যখন ইকামাত শেষ হয়ে যায়, তখন সে সামনে অগ্রসর হয়ে ব্যক্তি ও তার মনের মাঝে বিভিন্ন বিষয় খেয়াল করে দেয়। সে বলে, "তুমি এটা স্মরণ করো, তুমি মনে করো এমন বিষয়, যা সে ইতিপূর্বে মনে করতো না। এমনকি পরিস্থিতি এমন হয় যে, সে ব্যক্তি জানে না যে, সে কয় রাকা'আত সালাত আদায় করেছে।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৪৬২। হাদীসটি অত্র কিতাবের ১৬ নং হাদীসে গত হয়ে গেছে। এবং সেখানে হাদীসটির তাখরীজ বর্ণনা করা হয়েছে।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৭৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন